

তারিখ 02 JUN 1992

পৃষ্ঠা

দুষ্কৃতকারীদের গুলিতে ১ জন আহত

কৃষি কলেজের শিক্ষক-কর্মচারীদের পৌনে দু'লাখ টাকা ছিনতাই

(নিজস্ব বার্তা পরিবেশক)
সশস্ত্র দুষ্কৃতকারীরা গতকাল সোমবার
প্রকাশ্য দিবালোকে গোলাগুলি করে
শেরেবাংলা নগরস্থ কৃষি কলেজের
শিক্ষক ও কর্মচারীদের বেতনের প্রায়
পৌনে ২ লাখ টাকা ছিনতাই করে নিয়ে
গেছে। ছিনতাইকারীদের রিভলবারের
গুলিতে কলেজের নিজস্ব মিনিবাসের
ডাইভার আবদুল আওয়াল (৩০) গুরুতর
আহত হয়েছেন। বৃকের বাম পাশে
বুলেটবিদ্ধ আবদুল আওয়াল আশংকা-

জনক অবস্থায় মহাখালী বক্ষব্যাধি
হাসপাতালে চিকিৎসাধীন আছেন।
ঘটনাস্থল কলেজ থেকে প্রায় ৩শ' গজ
দূরে। পুলিশ ওই দুর্ভাগ্য ছিনতাইয়ের ঘটনায়
জড়িত ছিনতাইকারীদের কাউকে এখনো
শ্রেফতার করতে পারেনি। তাদের ব্যবহৃত
প্রাইভেটকারটিও আটক হয়নি। সবুজ
রংয়ের ওই কারে নম্বর-প্রেটে লেখা ছিল
ঢাকা-১৩৩৯।
কমি কালক ১ পঃ ১২ কঃ ৮

কৃষি কলেজ : বেতনের টাকা ছিনতাই (১ম পাতার পর)

কলেজের শিক্ষক ও কর্মচারীদের
বেতন দেয়ার জন্য সকালে তিনি এবং
আরো ৫ জন কর্মচারী মিনিবাসযোগে
সোনালী ব্যাংকের কলাবাগান শাখায়
যান। ব্যাংক থেকে প্রায় পৌনে ৩ লাখ
টাকা ওঠানো হয়। ৫শ' টাকার নোটের
প্রায় ১ লাখ টাকা ক্যাশিয়ারের পকেটে
ছিল। বাকী টাকা একটি ব্যাগের ভেতরে
রেখে মিনিবাসের নীচে রাখা হয়।
মিনিবাসটি মীরপুর বোড দিয়ে সোহ-
রাওয়াদী হাসপাতাল পার হয়ে উত্তর
পাশের রাস্তা দিয়ে কলেজে যাওয়ার পথে
৬/৭ জনের একদল সশস্ত্র যুবক তাদের
প্রাইভেটকারটি মিনিবাসের সামনে রেখে
দেয়। সশস্ত্র যুবকরা কমান্ডো কায়দায়
কার থেকে নেমে মিনিবাসের সামনে
আসে। একজন রিভলবার প্রদর্শন করে
মিনিবাসের ডাইভার আবদুল আওয়ালের
কাছ থেকে চাবি নেয়ার চেষ্টা চালায়। এ
নিয়ে দু'জনের মধ্যে তর্ক-বিতর্ক হয়।
এক পর্যায়ে ওই যুবকটি ডাইভারকে লক্ষ্য
করে গুলি চালায়। বৃকে বুলেটবিদ্ধ হয়ে
তিনি গাড়ীর স্টিয়ারিং ছেড়ে দেন। ওই
সময়ে মিনিবাসের দরজা বন্ধ ছিল। অন্য
দুষ্কৃতকারীরা লাথি মেরে দরজা ভেঙে
ভেতরে ঢোকে এবং রিভলবারসহ
অন্যান্য আগ্রেশস্ত্র প্রদর্শন করে টাকার
ব্যাগ দেয়ার জন্য চাপ প্রয়োগ করতে
থাকে।

এক পর্যায়ে দুষ্কৃতকারীরা সীটের নীচে
থেকে টাকা ভর্তি ব্যাগটি নিয়ে নেয়। সশস্ত্র
যুবকরা টাকা ভর্তি ব্যাগটি নিয়ে মিনিবাস
থেকে নেমে যাওয়ার সময়ে মিনিবাস
আরোহীরা চিৎকার করেন। তাদের
চিৎকার বন্ধ করার জন্য ছিনতাইকারীরা
আরো ২/৩ রাউণ্ড গুলী চালায়। ইতিমধ্যে
চিৎকার শুনে বিভিন্ন দিক থেকে
লোকজন ঘটনাস্থলে অগ্রসর হতে
থাকেন। তারা দুষ্কৃতকারীদের প্রাইভেট-
কারটি খামানোর জন্য ইটপাটকেনও
নিষ্ফল করেছেন; কিন্তু ডাইভার
বেপরোয়াভাবে কার চালিয়ে চলে যায়।

এ ব্যাপারে তেজগাঁ থানায় একটি
মামলা দায়ের করা হয়েছে।